www.kidworship.kr

# শিরোনাম: ভিড়্গারী লাসার

## The Beggar Lazarus


75Page

অনেক দিন আগে একজন ধনী লোক ছিল| তিনি অভিনব বাড়ীতে থাকত এবং দামী কাপড়-চোপর পড়ত| এবং প্রত্যেকদিন ভাল খাবার খেত এবং বিলাস বহুল জী-বন-যাপন করত|
ধনী লোকটি প্রত্যেকদিন তার বাড়ীতে লোক ডেকে ভোজের আয়োজন করত| সে সবসময় আনন্দ ও সুখী ছিল|
কিন্তু সে ঈশ্বরের প্রতি বিশ্বাস করত না এবং নিজের মত জীবন-যাপন করত|


76Page

ধনী লোকটির বাড়ীর সামনে লাসার নামে একজন ভিড়্গারী থাকত|
লাসার, যিনি ধনী লোকটির গেটের সামনে শুয়ে থাকত, যার শরীরে ঘা ছিল|
সে ময়লা কাপড়-চোপড় পড়ে থাকত এবং সে ধনী লোকটির টেবিলে পড়ে থাকা অবশিষ্ট খাবার খেত| কেউ চিন্ত্মা করে নি যে লাসার কোন কিছুর যোগ্য কারণ তার জীর্ণ ও দুর্গন্ধযুক্ত অবস্থার জন্য| লাসার, ঈশ্বরের প্রতি বিশ্বাস এবং বিশ্বস্ত্ম ছিলেন|


77Page

তারপর একদিন, ভিড়্গারী লাসার মারা গেল|
স্বর্গদূত আসল এবং লাসারকে বহন করে স্বর্গে নিয়ে গেল এবং আব্রাহামের কোলে রাখল, যিনি ঈশ্বরের উপর বিশ্বস্ত্মতার জন্য প্রশংসার যোগ্য ছিলেন এবং বিশ্বাসের আদি পিতা ছিলেন|


78Page

তারপর খুব শীঘ্রই, ধনী লোকটিও মৃত্যুবরণ করল এবং কবরপ্রাপ্ত হল| সে নরকে পতিত হল যেখানে সে দুঃসহ যন্ত্রনা ও কষ্টভোগ করছিল| নরক হচ্ছে আগুনের সাগর যা কখনো শেষ হয় না| ধনী লোকটি মৃত্যুর যন্ত্রণায় চিৎকার করতে লাগলেন একটু পানির খুঁজে তার শুকনো জিহ্বা টা ভিজানোর জন্য|


79Page

তার যন্ত্রণার সময়, ধনী লোকটি উপরের দিকে তাকাল এবং দেখল স্বর্গ অনেক দূরে রয়েছে|
“কি? এটা কিভাবে হতে হারে?
কিভাবে ভিড়্গারী লাসার আব্রাহামের পাশে থাকতে পারে, আমাদের বিশ্বাসে আদি পিতা?”
ধনী লোকটি দেখে খুব বিস্মিত হলেন| ধনী লোকটি লাসারের প্রতি খুব হিংসা হল|
সে আদি পিতা আব্রাহামকে ডাকল|
“বাবা আব্রাহাম! আমাকে রড়্গা কর! আমার সমস্ত্ম শরীর এই আগুনে মধ্যে জ্ব-লতেছে| এটি অনেক গরম!

দয়া করে লাসারকে পাঠিয়ে দিন যেন সে তার আঙ্গুলের আগাটা জলে ডুবিয়ে আমার জিভ্ ঠান্ডা করে, কারণ এই আগুনের মধ্যে আমি বড়ই কষ্ট পাচ্ছি|'



80Page

আব্রাহাম বললেন|

"পুত্র, লাসার তোমার কাছে যেতে পারবে না| মনে করে দেখ তুমি যখন বেঁচে ছিলে তখন কত সুখ ভোগ করেছিল এবং নিজেই কত সুখী ছিল, যখন লাসার কষ্ট ভোগ করেছিল এবং ক্ষুধিত ও কষ্টে ছিল| কিন্তু এখন সে এখানে সান্ত্বনা পাচ্ছে আর তুমি কষ্ট পাচ্ছ| এবং এছাড়াও, তোমাদের ও আমাদের মধ্যে কত এমন একটা বিরাট ফাঁক রয়েছে, তাই এখান থেকে আমরা যেতে পারব না এবং কেউ ওখান থেকে পার হয়ে আসতে পারে না|"

ধনী লোকটি দুঃখে আব্রাহামের কাছে প্রার্থণা করল|

"তারপর, পিতা, আমি তোমার কাছে প্রার্থনা করি, আমার বাবার বাড়ীতে লাসারকে পাঠিয়ে দিন| যাতে সে আমার পরিবার এবং আমার ভাইদেরকে সাবধান করতে পারে যে তাদের যেন এই যন্ত্রণার জায়গায় আসতে না হয়!"

আব্রাহাম বললেন|

"তাদের কাছে মোশী এবং নবীদের লেখা বই আছে; সেটি শুনতে দাও| যদি তারা না শোনে ও অনুতপ্ত না হয়, তবে মৃতদের মধ্য থেকে কেউ উঠলেও তারা বিশ্বাস করবে না|"

আব্রাহাম আবার ধনী লোটিকে বললেন|

"এটা বিষয় না| যারা জীবনের সাড়্যা শোনে না, যদি মৃত্যু থেকে উঠে কেউ তাদের কাছে গিয়ে বলে যে নরক কত ভয়ানক জায়গা, তারা শুনবে না এবং অনুতপ্তও হবে না| তাই তারা যীশুকেও বিশ্বাস করবে না| অতএব, এটা খুব গুরুত্বপূর্ণ যে জীবিত থাকা অবস্থায় তোমাকে ঈশ্বরের বাক্য শোনতে হবে এবং অনুতপ্ত হতে হবে|

ধনী লোকটি বেঁচে থাকা অবস্থায় লাসারকে কোন সাহায্য করেন নি|

সে জানে না কিভাবে প্রতিবেশীকে সাহায্য করতে হয়|



81Page

এই ধনী লোকটির মত, যদি তুমি না জান প্রতিবেশীকে কিভাবে ভালবাসতে হয়, আমরা ঈশ্বরের লোকদের ডাকতে পারি না|

যীশু আমাদেরকে শিড়্যা দেয় ঈশ্বরকে ভালবাসতে এবং প্রতিবেশীকে নিজের মত ভালবাসতে|